

দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ ২০১৭

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া- এ দু'টি মাধ্যমে দুর্নীতি বিষয়ে অনুসন্ধানী সাংবাদিকতার ক্ষেত্রে ফেলোশিপ প্রদানের লক্ষ্যে সাংবাদিকদের কাছ থেকে প্রস্তাবনা আহ্বান করছে। এ বছরের ফেলোশিপের প্রস্তাবনা নিম্নোক্ত পাঁচটি বিষয়ের জন্য প্রযোজ্য হবে।

১) শিক্ষা, ২) স্বাস্থ্য, ৩) স্থানীয় সরকার, ৪) ভূমি ও ৫) জলবায়ু তথ্যসহ সুশাসন

দুর্ভাগ্যবশত নির্বাচিত ফেলোকে সম্মানী হিসেবে মোট ১,০০,০০০ (এক লক্ষ) টাকা ও সনদ প্রদান করা হবে। ২০১৭ সালে নিম্নোক্ত দুইটি শ্রেণিতে অনুসন্ধানী প্রতিবেদনের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।

- জাতীয় প্রিন্ট মিডিয়া ফেলোশিপ: প্রিন্ট মিডিয়ার জন্য যে কোন বাংলা ও ইংরেজী জাতীয় দৈনিক সংবাদপত্রে এবং অনলাইন মাধ্যমে কর্মরত সাংবাদিক
- ইলেক্ট্রনিক মিডিয়া ফেলোশিপ: বিটিভি, বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেলসমূহ এবং রেডিও তে কর্মরত সাংবাদিক

প্রার্থীর যোগ্যতা

- দৈনিক সংবাদপত্র, টেলিভিশন, রেডিও এবং অনলাইন সংবাদ মাধ্যমে কর্মরত ন্যূনতম ৩ বছরের পূর্ণকালীন কর্ম অভিজ্ঞতা সম্পন্ন সাংবাদিক
- অনুসন্ধানী সাংবাদিকতায় রিপোর্ট প্রণয়নের অভিজ্ঞতা
- বয়স সর্বোচ্চ ৪০ বছর

আবেদনের নিয়মাবলী

- দুই কপি পাসপোর্ট সাইজ ছবি ও সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তসহ আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে সর্বোচ্চ ১,০০০ শব্দের মধ্যে একটি অনুসন্ধানী প্রতিবেদনের প্রস্তাবনা ও পরিকল্পনা জমা দিতে হবে।
- এতে প্রতিবেদনের মৌক্তিকতা, লক্ষ্যসমূহ এবং পরিসীমা, পদ্ধতি, ফেলোশিপ কর্মসূচির প্রত্যাশিত ফল এবং মাঠ-কর্মসম্পন্ন পরিকল্পনা, সময়সূচি ও সম্ভাব্য বাজেট বিষয়ের উল্লেখ থাকতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে আবেদনকারী কর্তৃক প্রণীত ও প্রকাশিত/প্রচারিত একটি অনুসন্ধানী প্রতিবেদন জমা দিতে হবে।
- ইতিপূর্বে যারা টিআইবি'র অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ পেয়েছেন তারা এই ফেলোশিপের জন্য আর বিবেচিত হবেন না।
- সকল আবেদন ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করা যাবে এবং খানের উপরে 'দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ ২০১৭' উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর কর্মপ্রতিষ্ঠানের সম্পাদক/নির্বাহী প্রধান এর স্বাক্ষরিত অভিজ্ঞতার সনদ ও ফেলোশিপে অংশগ্রহণের অনুমতিপত্র জমা দিতে হবে।
- আবেদনপত্রের সাথে কাঙ্ক্ষিত তিনজন পরামর্শকের/জেনটিলের নাম প্রস্তাব করতে হবে এবং
- তাসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

টিআইবি ট্রাস্টিবোর্ড কর্তৃক মনোনীত জুরি বোর্ড প্রার্থী প্রদত্ত সকল তথ্য এবং প্রস্তাবনা ও পরিকল্পনা মূল্যায়ন এবং সাক্ষাৎকারের ভিত্তিতে চূড়ান্ত ফেলো নির্বাচন করবেন। চূড়ান্ত ফেলো নির্বাচনের দিন থেকে প্রতিটি ফেলোশিপের জন্য সময়সীমা সর্বোচ্চ তিন মাস।

দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ সম্পর্কে বিস্তারিত তথ্য জানতে দেখুন টিআইবি'র ওয়েবসাইট www.ti-bangladesh.org/ijf2017

প্রস্তাবনা জমা দেওয়ার শেষ তারিখ: ৩০ জুলাই ২০১৭

সিনিয়র ম্যানেজার (এইচ আর), ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)
মাইডাস সেন্টার (লেভেল ৪ ও ৫), বাড়ি - ০৫, সড়ক - ১৬ (নতুন), ২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা - ১২০২
ফোন: ৯২২৪৭৮৮, ৯২২৪৭৮৯, ৯২২৪৭৯২

